

তোমার ঘরে বসত করে কয় জনা লিরিক্স:-

এক জনে ছবি আঁকে এক মনে, ও মন
আরেক জনে বসে বসে রঙ মাখে, ও মন (২)
আবার সেই ছবিখান নষ্ট করে কোন জনা, কোন জনা
সেই ছবিখান নষ্ট করে কোন জনা, কোন জনা
তোমার ঘরে বসত করে কয় জনা মন জানো না
তোমার ঘরে বসত করে কয় জনা।

তোমার ঘরে বাস করে কারা ও মন জান না
তোমার ঘরে বাস করে কারা ও মন জান না
তোমার ঘরে বসত করে কয় জনা মন জান না
তোমার ঘরে বসত করে কয় জনা।

এক জনে সুর তোলে এক তারে, ও মন
আরেক জনে মন্দিরাতে তাল তোলে, ও মন (২)
ওই আবার বেসুরা সুর ধরে দেখ কোন জনা, কোন জনা
বেসুরা সুর ধরে দেখ কোন জনা, কোন জনা
তোমার ঘরে বসত করে কয় জনা মন জান না
তোমার ঘরে বসত করে কয় জনা।

রস খাইয়া হইয়া মাতাল,
ঐ দেখো হাত ফসকে যায় ঘোড়ার লাগাম (২)
সেই লাগামখানা ধরে দেখো কোন জনা কোন জনা
তোমার ঘরে বসত করে কয় জনা মন জান না
তোমার ঘরে বসত করে কয় জনা কয় জনা।

তোমার ঘরে বাস করে কারা ও মন জান না
তোমার ঘরে বাস করে কারা ও মন জান না
তোমার ঘরে বসত করে কয় জনা মন জান না
তোমার ঘরে বসত করে কয় জনা।